# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 25.03.24 Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবর –

১) লোকসভা ও বিধানসভায় পরিবেশ বান্ধব ভোটকে উৎসাহ দিতে নির্বাচন কমিশন একাধিক পদক্ষেপ নেওয়ার কথা জানিয়েছে।

২) দেওয়াল লিখনকে কেন্দ্র করে দক্ষিণ ২৪ পরগনার ভাঙড় আজ অশান্ত হয়ে ওঠে।

৩) বিপুল উৎসাহ উদ্দীপনায় রাজ্যজুড়ে পালিত হচ্ছে দোল যাত্রা।

দোল উৎসবে আজ বিভিন্ন রাজনৈতিক দলের প্রার্থীরা প্রচারে সামিল হন।

৪) দোল খেলে স্নান করতে গিয়ে জলে ডুবে বাঁকুড়া ও পূর্ব বর্ধমানের চার কিশোরের মৃত্যু।

৫) নিম্নচাপ অক্ষরেখা প্রভাবে কলকাতা সহ দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় বৃষ্টি হচ্ছে।

oooooooooooooooooooo

আসন্ন লোকসভা ও বিধানসভার নির্বাচনে পরিবেশ বান্ধব নির্বাচনকে উৎসাহ দিতে একাধিক পদক্ষেপ নেওয়ার কথা জানিয়েছে নির্বাচন কমিশন। বিভিন্ন রাজনৈতিক দলকে ভোট প্রচার চালানোর সময় কাগজের ব্যবহার যতটা সম্ভব কমানোর নির্দেশ দেওয়া হয়েছে। ই-বুক, ই-ডকুমেন্ট এবং কাগজের দু-দিকই ছাপার জন্য ব্যবহারের পরামর্শ দিয়েছে নির্বাচন কমিশন। রাজনৈতিক দলগুলির প্রচার কাজে পরিবেশ বান্ধব যানবাহন ব্যবহারের ওপর গুরুত্ব দেওয়ার পাশাপাশি কমিশন প্রচারাভিযানে পুনর্নবীকরণযোগ্য শক্তি ব্যবহারকে উৎসাহ দেওয়ার কথাও বলেছে। নির্বাচন কর্মী এবং রাজনৈতিক দলগুলিকে একবার ব্যবহারযোগ্য প্লাস্টিক সম্পূর্ণ বর্জন এবং সব ধরনের বর্জ্য সঠিকভাবে ফেলার জন্য পৃথক ব্যবস্থা রাখারও নির্দেশ দিয়েছে কমিশন।

oooooooooooooooo

লোকসভা নির্বাচন অবাধ ও শান্তিপূর্ণ করতে এপ্রিলের শুরুতেই আরও ২৭ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী রাজ্যে আসছে। এর মধ্যে সিআরপিএফ ১৫ কোম্পানি, BSF ৫ ও CISF ৭ কোম্পানি। কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রক রাজ্য সরকারকে চিঠি দিয়ে একথা জানিয়েছে। আগেই রাজ্যে এসেছে 150 কোম্পানি কেন্দ্রীয় বাহিনী।

ooooooooooooooooo

দেওয়াল লিখনকে কেন্দ্র করে দক্ষিণ ২৪ পরগনার ভাঙড় অশান্ত হয়ে ওঠে। ভগবানপুর গ্রাম পঞ্চায়েতের জিরানগাছা বাগানাইট গ্রামে আইএসএফ ও সিপিআইএম কর্মীরা যৌথভাবে যাদবপুর কেন্দ্রের বাম গণতান্ত্রিক জোট প্রার্থী সৃজন ভট্টাচার্যের সমর্থনে দেওয়ালে লিখছিলেন, সেই সময় তৃণমূল কংগ্রেস কর্মী সমর্থকরা তাদের ওপর হামলা চালায় বলে অভিযোগ। দু-পক্ষের সংঘর্ষের ঘটনায়

এলাকায় ব্যাপক উত্তেজনা দেখা দেয়। আহত হন বেশ কয়েকজন। নাজিমুদ্দিন মোল্লা নামে এক আই এস এফ কর্মীর মাথা ফাটে বলেও অভিযোগ। পোলেরহাট থানার পুলিশ গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। পরে সৃজন ভট্টাচার্য সেখানে গিয়ে, নাজিমুদ্দিনকে সঙ্গে নিয়ে থানায় এফ আই আর দায়ের করেন।

আমাদের সংবাদদাতা জানাচ্ছেন, আই এস এফ তাদের দেওয়াল দখল করার অভিযোগ তোলে তৃণমূল কংগ্রেসের বিরুদ্ধে।

তৃণমূলের পাল্টা দাবি বাড়ির মালিকের অনুমতি নিয়েই তারা দেওয়াল লিখছিলেন। সেই সময় আই এস এফ কর্মীরা এসে তাদের মারধোর করে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

সন্দেশখালিতে বিজেপি প্রার্থীর বিরুদ্ধে পোস্টার দেওয়া নিয়ে দলে আলোচনা হবে বলে রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার জানিয়েছেন। তিনি আজ বালুরঘাটে বসন্ত উৎসবে অংশ নিয়ে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে জানান, বিজেপির মতো দলে অনেকেই প্রার্থী হতে চান। সেই প্রত্যাশা পূরণ না হলেই এই ধরনের বিরোধিতা দেখা যায়।

তবে দল এব্যাপারে বিচার বিবেচনা করেই পরবর্তী সিদ্ধান্ত নেবে। দলীয় কর্মীদেরও এব্যাপারে বোঝানো হবে বলে তিনি জানান।

০০০০০০০০০০০০০০০০০

বিপুল উৎসাহ উদ্দীপনায় রাজ্য জুড়ে পালিত হচ্ছে দোলযাত্রা। কচি কাঁচা থেকে সব বয়সী মানুষরাই সামিল হয়েছেন রঙের এই উৎসবে। শ্রীচৈতন্য মহাপ্রভুর আবির্ভাব তিথি উপলক্ষ্যে বাগবাজার গৌড়ীয় মঠের পক্ষ থেকে ভগবত সভা, গৌড় পরিক্রমা, নগর সংকীর্তন সহ নানা ধর্মীয় অনুষ্ঠানের আয়োজন করা হয়।

বেলুড় মঠে যথোচিত মর্যাদায় দোল উৎসব পালিত হয়। সন্ন্যাসীরা সেখানে নাম সংকীর্তনে অংশগ্রহণ করে মন্দির প্রদক্ষিণ করেন|

দোলযাত্রা নিয়ে একটি প্রতিবেদন –

(ভয়েসকাস্ট – অভিজিৎ)

শ্রীচৈতন্য মহাপ্রভুর ৫৩৮তম আবির্ভাব তিথি ও দোল উৎসবকে কেন্দ্র করে মাতোয়ারা নদীয়া।

কল্যাণীর ঘোষপাড়ায় সপ্তাহব্যাপী মেলার সূচনা হয়েছে। আমাদের জেলা সংবাদদাতা অনুপম মোদক জানাচ্ছেন-

(ভয়েসকাস্ট – অনুপম)

শান্তিনিকেতনে বিশ্বভারতীতে এবার বসন্ত উৎসব না হলেও সেখানকার রতন পল্লী এলাকায় নাচে গানে পালিত হল নানা সাংস্কৃতিক অনুষ্ঠান। পর্যটক রাও শামিল হয়েছেন উৎসবে। সেখানে বিশ্বভারতীর বসন্ত বন্দনার দিন ঠিক করার জন্য আগামীকাল এক বৈঠক ডাকা হয়েছে।

ooooooooooooooooo

শান্তিনিকেতনের আদলে বসন্ত উৎসব পালিত হয় মালদা জেলা ক্রীড়া সংস্থার ময়দানে। জেলা সাংস্কৃতিক পরিচালন কমিটি ও কালীতলা ক্লাবের যৌথ উদ্যোগে সকালে শহরে প্রভাত ফেরীর আয়োজন করা হয়। শিল্পীরা নাচ, গান, আবৃত্তি সহ বিভিন্ন অনুষ্ঠান পরিবেশন করেন।

ম্যানগ্রোভ রক্ষার শপথ নিয়ে দক্ষিণ ২৪ পরগণার বাসন্তীর হরেকৃষ্ণপুর গ্রামে রঙের উৎসব পালন করেন বাসিন্দারা। ম্যানগ্রোভ বৃক্ষকে রঙ ও আবির দিয়ে চলে দোল উৎসব।

অন্যদিকে, বর্ধমান শহরে দোল হবে আগামীকাল। রাজ আমল থেকে এই নিয়ম চলে আসছে। বর্ধমান রাজ পরিবারের প্রথা মেনে আজ শুধুমাত্র দেবতাদের পায়ে রং দেওয়া হয়।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জিও দোল ও হোলি উপলক্ষ্যে শুভেচ্ছা জানিয়েছেন।

OOOOOOOOOOOOOOO

দোল ও রঙের উৎসব হোলি তে আজ রাজ্য জুড়ে প্রচারে দেখা যায় বিজেপি, তৃণমূল কংগ্রেস, কংগ্রেস, বাম সহ সব রাজনৈতিক দলের প্রার্থীদের। নানা আঙ্গিকের প্রচারে কোথায় কোথায় দেখা গেল খোল করতাল আবির নিয়ে প্রার্থীদের জনসংযোগ। হোলি তে আজ সকালে জনসংযোগ সারলেন কলকাতা উত্তরের বিজেপি প্রার্থী তাপস রায়। কলকাতা দক্ষিণের তৃণমূল কংগ্রেস প্রার্থী মালা রায় আজ সকালে কচিকাঁচাদের নিয়ে আবির খেলেন।

রাজনৈতিক দলের পাশাপাশি শিল্পী-কলাকুশলীরাও বসন্ত উৎসবে সামিল হন। অভিনেত্রী, ঋতুপর্ণা সেনগুপ্ত, শ্রাবন্তী চট্টোপাধ্যায়, কোয়েল মল্লিক, অপরাজিত আঢ্য প্রমূখ রং-এর উৎসবে মেতে ওঠেন।

Chetla অগ্রণী ক্লাবে এই উপলেক্ষে এক প্রভাত ফেরির আয়োজন করা হয় ।

oooooooooooooooooo

দোল খেলে স্নান করতে গিয়ে জলে ডুবে বাঁকুড়া ও পূর্ব বর্ধমান - এই দুই জেলায় চার কিশোরের মৃত্যু হয়েছে। এদের মধ্যে দুই সহোদর ভাই।

বাঁকুড়ার বড়জোড়ার কৃষ্ণনগর এলাকায় বন্ধুদের সঙ্গে দামোদর নদে স্নান করতে গিয়ে জলে তলিয়ে যায় বছর ১৫-র সোনু কুমার ও তার ভাই ১৩ বছরে সানি। পরে স্থানীয়রা নদী থেকে তাদের মৃতদেহ উদ্ধার করে। এই ঘটনায় এলাকায় শোকের ছায়া নেমে আসে। পুলিশ দেহ দুটি ময়না তদন্তে পাঠিয়েছে। সোনু ও সানির বাবা প্রমোদ কুমার আদতে বিহারের বাসিন্দা। কর্মসূত্রে তিনি বড়জোড়ায় বাড়ি ভাড়া নিয়ে থাকতেন।

এদিকে, পূর্ব বর্ধমানের কালনার জিউধারা এলাকায় রং খেলে স্থানীয় পুকুরে স্নান করতে গিয়ে মাধ্যমিক পরীক্ষার্থী করণ দাস ও তার সম্পর্কিত ভাই নবম শ্রেণীর যীশু দাস জলে ডুবে যায়। দু-জনই সাঁতার জানতো না। স্থানীয়রা তাদের উদ্ধার করে কালনা হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসক মৃত ঘোষণা করেন।

০০০০০০০০০০০০০০০০০

রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরুর বিরুদ্ধে খেলতে যাওয়ার আগে কলকাতা নাইট রাইডার্সের ক্রিকেটাররা আজ কলকাতায় টীম হোটেলে দোল উৎসবে মেতে ওঠেন। কোচ চন্দ্রকান্ত পণ্ডিত, মেন্টর গৌতম গম্ভীর, অধিনায়ক শ্রেয়স আয়ারদের সঙ্গে বিদেশী ক্রিকেটাররাও রং-এর উৎসবে সামিল হন।

আগামী শুক্রবার নাইট রাইডার্স এবারের আইপিএল ক্রিকেটের দ্বিতীয় মাচে রয়্যাল চ্যালেঞ্জার্স-এর বিরুদ্ধে খেলবে। ইডেনে প্রস্তুতির পর আজ রাতে নাইট রাইডার্সের বেঙ্গালুরু রওনা হওয়ার কথা।

০০০০০০০০০০০০০০০০০০০০০

ঝাড়খন্ড থেকে মণিপুর পর্যন্ত বিস্তৃত অক্ষরেখা এবং বাতাসে জলীয়বাষ্পের আধিক্যের কারণে দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় বৃষ্টি হচ্ছে। কলকাতা, দুই ২৪ পরগনা, হাওড়া, হুগলী, পূর্ব মেদিনীপুর এবং পূর্ব ও পশ্চিম বর্ধমান জেলাতে ইতিমধ্যেই বৃষ্টি শুরু হয়েছে।

উত্তরবঙ্গের জেলাগুলিতেও বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টির পূর্বাভাষ রয়েছে। সেই সঙ্গে ঘণ্টায় ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়া বয়ে যেতে পারে। বুধবার পর্যন্ত বিক্ষিপ্তভাবে বৃষ্টির পূর্বাভাষ দিয়েছে আলিপুর আবহাওয়া দফতর।

এদিকে, কলকাতায় আজ তাপমাত্রা সামান্য বেড়েছে। সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয় ৩৪ ডিগ্রী। স্বাভাবিকের তুলনায় যা এক ডিগ্রী বেশি। সকালে

সর্বনিম্ন তাপমাত্রাও ছিল স্বাভাবিকের ২ ডিগ্রী ওপরে ২৫ দশমিক ৭ ডিগ্রী সেলসিয়াস।

০০০০০০০০০০০০০০০০০